

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

.....

মানুষদের মধ্যে যারা ইব্রাহীমের অনুসরণ করেছিল, তারা, আর এই নবী এবং যারা এ নবীর প্রতি ঈমান এনেছে তারা ইব্রাহীমের ঘনিষ্ঠতম-আর আল্লাহ হচ্ছেন মুমিনদের বন্ধু।

সূরা আল ইমরান ৬৮

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ৯ মঙ্গলবার ৯ ২৫ আগস্ট ২০২৬ ৯ ১১ রবিঃ আউঃ ১৪৪৮ ৯ ১১ ভদ্র ১৪৩৩ ৯ ৯ম বর্ষ ৯ ৮২ সংখ্যা ৯ ৪ পৃষ্ঠা ৯ ৫ টাকা

মিড-ডে মিলে খাবারের মান নিয়ে কোনো আপস নয়: প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

বিদ্যালয় পর্যায়ে মিড-ডে মিল কার্যক্রমের ব্যবস্থাপনা, খাবারের পুষ্টিমান, শিশুদের জন্য নিরাপদ খাদ্য প্রস্তুত ২ এর পাতায় দেখুন

দলের নাম ভাঙিয়ে অপকর্ম করলে ছাড় নয়: রিজভী

কীর্তনখোলা ডেস্ক

দলের নাম ভাঙিয়ে কোনো ধরনের অনৈতিক কর্মকাণ্ডে না জড়াতো নেতাকর্মীদের সতর্ক করেছেন বিএনপির ভারপ্রাপ্ত ২ এর পাতায় দেখুন

তারেক রহমানের কোনো পরিকল্পনা নেই, সরকার সম্পূর্ণ ব্যর্থ: নাহিদ ইসলাম

কীর্তনখোলা ডেস্ক

তারেক রহমান নেতৃত্বাধীন বিএনপি সরকারের প্রথম ছয় মাসকে ‘সম্পূর্ণ ব্যর্থ’ দাবি করে সরকারের বিরুদ্ধে তীব্র সমালোচনা ২ এর পাতায় দেখুন

‘আইনশুজলা রক্ষায় সরকারের ব্যর্থতায় দিনে গড়ে ১০ খুন’

কীর্তনখোলা ডেস্ক

দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সরকারের ব্যর্থ হয়েছে বলে মন্তব্য করেছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের ২ এর পাতায় দেখুন

বরিশালে ৯৫ শতাংশ ভবন নির্মাণেই মানা হচ্ছে না আইন

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল মহানগরী এলাকায় নিয়মনিতির তেয়াক্ক না করেই একের পর এক বহুতল ভবন নির্মাণের অভিযোগ উঠেছে। নগরের বিভিন্ন এলাকা ঘুরে দেখা গেছে, ইমারত আইন না মেনে ভবন নির্মাণের এমন এক প্রতিক্রিয়া চলেছে, যা ভবিষ্যতের জন্য ভয়াবহ অশনিসংকেত বলে সতর্ক করছেন নগর পরিকল্পনাবিদ ও ভূতত্ত্ববিদরা। সিটি করপোরেশনের তথ্যমতে, বরিশাল নগরে নির্মিত স্থাপনাতলোর মধ্যে ৯৫ শতাংশ ক্ষেত্রেই ইমারত নির্মাণ বিধিমালা-১৯৯৬ লঙ্ঘন করা হচ্ছে। নগরীর জর্ডান রোডে নির্মাণাধীন একটি বিশাল বহুতল ভবনের কাজ বিসিটির কোনো অনুমোদন ছাড়াই চলেছে বলে অভিযোগ রয়েছে। এমনকি নগর কর্তৃপক্ষের স্বাক্ষর জালিয়াতি করে কাজ শুরুও প্রমাণ পাওয়া গেছে। নিয়ম অনুযায়ী যেকোনো স্থাপনা তৈরিতে বিধিমালা অনুসরণ বাধ্যতামূলক হলেও অনুমোদন পাওয়ার পর বেশিরভাগ ভবন মালিক

নির্দেশনার তেয়াক্ক করেন না। সিটি করপোরেশনের হিসাব অনুযায়ী, গত ছয় মাসে নগরীতে ১ হাজার ৪০০টি নতুন ভবনের নকশা অনুমোদন দেওয়া হয়েছে, যার মধ্যে ২৭টি বহুতল ভবন। কিন্তু নকশার তেয়াক্ক না করায় গত কয়েক বছরে মূল ভূমিকম্পেই

বেলতলা, বাংলাবাজার ও সদর রোডসহ বিভিন্ন এলাকার অসুস্থ চটি ভবন হলে পড়েছে। বরিশাল সিটি করপোরেশনের স্থপতি মো. সাইদুর রহমান লুসান বলেন, ‘প্রথম তলার কাজ শেষ হওয়ার পর মালিকরা অনুমোদিত নকশার বাইরে গিয়ে খোলাখুশিমতো ফ্লোর বাড়িয়েছেন এবং চারপাশের নির্ধারিত জায়গা (স্টেটব্যাক) ছাড়িয়েছেন না। এতে ভবনের কাঠামোগত দুর্বলতা তৈরি হচ্ছে, যা অত্যন্ত ঝুঁকিপূর্ণ।’

বরিশালের ভূতাত্ত্বিক ঝুঁকি প্রসঙ্গে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব ও বনিবিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক ড. মো. আতিকুল হক ফরাজী বলেন, ‘ভৌগোলিক অবস্থানের কারণে ২ এর পাতায় দেখুন

সৌদি বাদশাহ ও যুবরাজকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ রষ্ট্রপতির

কীর্তনখোলা ডেস্ক

সৌদি বাদশাহ সালমান বিন আবদুল আজিজ এবং যুবরাজ মোহাম্মদ বিন সালমানকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানিয়েছেন রষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ঢাকায় নিযুক্ত সৌদি রষ্ট্রদূত ড. আবদুল্লাহ জাফর এইচ বিন আদিয়া সোমবার (২৪ আগস্ট) বঙ্গবন্ধুনে রষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এ আমন্ত্রণ জানান। রষ্ট্রপতির প্রেস সচিব মো. সরওয়ার আলম গণমাধ্যমকে এ তথ্য জানিয়েছেন। সাক্ষাৎকালে সৌদি রষ্ট্রদূত দেশটির বাদশাহ সালমান বিন আবদুল আজিজ ও যুবরাজ মোহাম্মদ বিন সালমানের পক্ষ থেকে মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে রষ্ট্রপতি হিসেবে দায়িত্ব নেওয়ার জন্য অভিনন্দন জানান। সৌদি রষ্ট্রদূতকে স্বাগত জানিয়ে রষ্ট্রপতি বর্তমান বৈশ্বিক জ্বালানি সংকট পরিস্থিতিতে সৌদি আরবকে বাংলাদেশের পাশে থেকে ২ এর পাতায় দেখুন

২০২৭ সালের এসএসসি পরীক্ষা শুরু ১৪ মার্চ সময়সূচি প্রকাশ

কীর্তনখোলা ডেস্ক

২০২৭ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষা আগামী ১৪ মার্চ থেকে শুরু হবে। বাংলা (আবশ্যিক) প্রথম পত্রের পরীক্ষার মধ্য দিয়ে শুরু হয়ে তত্ত্বীয় পরীক্ষা শেষ হবে ১৫ এপ্রিল। পরীক্ষা প্রতিদিন সকাল ১০টায় শুরু হবে। সোমবার (২৪ আগস্ট) আন্তর্গাশিকা বোর্ড সমন্বয় কমিটি পরীক্ষার সময়সূচি চূড়ান্ত করে। পরে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ তা অনুমোদন করেছে। আন্তর্গাশিকা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আভারুজ্জামান বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি সোমবার বিকেলে বলেন, ‘১৪ মার্চ থেকে পরীক্ষা শুরু হয়ে এপ্রিলে শেষ হবে।’ চূড়ান্ত সময়সূচি অনুযায়ী, ১৪ মার্চ বাংলা প্রথম পত্র, ১৬ মার্চ বাংলা দ্বিতীয় পত্র, ১৮ মার্চ ইংরেজি ২ এর পাতায় দেখুন

খ্রি-ভুইলার ও মাহিন্দ্রা চালকদের বিরোধ তিন ঘণ্টা বন্ধের পর বরিশাল থেকে সব রুটে বাস চলাচল স্বাভাবিক

কীর্তনখোলা রিপোর্ট

খ্রি-ভুইলার মাহিন্দ্রা চালকদের হাতে কয়েকটি বাস ভাঙচুরের প্রতিবাদ এবং মহাসড়কে খ্রি-ভুইলার চলাচল বন্ধের দাবিতে বন্ধ থাকা বরিশালের বিভিন্ন রুটের বাস চলাচল তিন ঘণ্টা পর স্বাভাবিক হয়েছে। আলোচনা ও

বিষয়টি মীমাংসার আশ্বাসে সোমবার (২৪ আগস্ট) বিকেল ৪টা ১০ মিনিটের দিকে ধর্মঘট প্রত্যাহার করেন বাস মালিক ও শ্রমিকরা। এর আগে দুপুর দেড়টার দিকে বরিশাল নগরীর নশুল্লাবাদ কেন্দ্রীয় বাস টার্মিনাল ঢাকা-বরিশাল

মহাসড়কসহ বিভিন্ন অভ্যন্তরীণ ও দূরপাল্লার রুটে বাসসহ সকল ধরনের যান চলাচল বন্ধ করে দেওয়া হয়। এতে টার্মিনালে আটকা পড়ে বিভিন্ন গন্তব্যের যাত্রীরা চরম দুর্ভোগে পড়েন। বাস মালিক ও শ্রমিকদের সঙ্গে কথা ২ এর পাতায় দেখুন

চাষের মাছের দাম চড়া সবজির বাজারে স্বস্তি

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে বেশ কিছুদিন ধরেই মাছের দাম চড়া। এতে সাধারণ মানুষ মাছ কিনতে গিয়ে হিম্মত খাচ্ছে। তবে সব ধরনের সবজির দাম এখন

বিভিন্ন মাছের দাম কেজিতে ৫০-১০০ টাকা পর্যন্ত বেড়েছে। এতে খুশদের মাছ কিনতে না পারার আক্ষেপ ক্রেতাদের কণ্ঠে। সাজাদ হোসেন নামে এক ক্রেতা বলেন, আগে এক কেজি চিংড়ি মাছ

৫৫০ থেকে ৬০০ টাকায় কিনেছি। এখন সেই চিংড়ি মাছ ১৩০০ টাকা পর্যন্ত বিক্রি হচ্ছে। একইভাবে অন্যান্য মাছের দামও বেড়েছে। ফলে চাহিদা অনুযায়ী খুশদের মাছ কিনতে না পেরে তেলাপিয়া ও পাঙ্গাশ মাছ কিনতে হয়। মাছ ব্যবসারী

নাসির উদ্দিন বলেন, মাছের সরবরাহ পর্যাপ্ত থাকলে ধাক্কায় চাহিদা ও দাম দুটোই বেড়েছে চাষের দাম কম থাকে। সরবরাহ কম থাকলে দামে প্রভাব

পড়ে। তাছাড়া ২ এর পাতায় দেখুন

ভোলায় বিপুল পরিমাণ বিদেশি সিগারেট ও রোলিং পেপার জব্দ

লালমোহন প্রতিনিধি

ভোলার লালমোহনে গুরু ফাঁকি দিয়ে অবৈধভাবে বাজারজাতের জন্য মজুত করা বিপুল পরিমাণ বিদেশি সিগারেট ও রোলিং পেপার জব্দ করেছে কোস্ট গার্ড। রোববার (২৩ আগস্ট) গভীর রাতে উপজেলার গজারিয়া বাজারসংলগ্ন এলাকায় অভিযান চালিয়ে এসব পণ্য জব্দ করা হয়। সোমবার দুপুরে বিষয়টি নিশ্চিত করেন কোস্ট গার্ড দক্ষিণ (ভোলা) জেনের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট মো. সালমান বিন শওকত। কোস্ট গার্ড জানায়, গোপন সংবাদের ভিত্তিতে রোববার রাত ৯টা থেকে ১১টা ২ এর পাতায় দেখুন

কীর্তনখোলা রিপোর্ট

মানব পাচার ও অভিবাসী চোরচালানের বিরুদ্ধে অবদান রাখায় ‘মানব পাচার ও অভিবাসী চোরচালানের বিরুদ্ধে বিশেষায়িত প্রসিকিউটরদের আন্তর্জাতিক ফোরাম’-এর ‘দক্ষিণ এশিয়া চ্যান্সেলর অংশগ্রহণ করছেন বরিশাল মানব পাচার আদালতের অতিরিক্ত বিশেষায়িত পাবলিক প্রসিকিউটর এস এম সরোয়ার হোসেন। এ জন্য ২৫ ও ২৬ আগস্ট অতিরিক্ত স্পেশাল পিপি এসএম সরোয়ার হোসেন নেপালে থাকবেন। ইউএনওডিসি’র উদ্যোগে এবং বাংলাদেশ সরকারের সহযোগিতায় ‘মানব পাচার ও অভিবাসী চোরচালানের বিরুদ্ধে বিশেষায়িত প্রসিকিউটরদের আন্তর্জাতিক ফোরাম’-এর ‘দক্ষিণ ২ এর পাতায় দেখুন

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য বালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, জেলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: মাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বারুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আত্মপ্রত্যয়ী পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৫১৯

সব পেশাজীবী সংগঠনের নেতৃত্ব হবে নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে এমপি নয়ন

চরফ্যাশন প্রতিনিধি

সকল পেশাজীবী সংগঠনের নেতৃত্ব হবে নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে। এছাড়া অন্যান্য ক্ষেত্রেও অবধা সৃষ্টি ও নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে একটি মডেল উপজেলা গড়ে তুলবো। এমনই মন্তব্য করেন ভোলা-৪ (চরফ্যাশন-মনপুরা)মাননীয় সংসদ সদস্য মোহাম্মদ নূরুল ইসলাম নয়ন। ঢাকায় চরফ্যাশন উপজেলা জমিয়াতুল মোদাররেছীদের আহ্বায়ক কমিটির সদস্যদের সাথে সৌজন্য সাক্ষাতে তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, বিগত সরকার দেশের নির্বাচন প্রথা কে বাতিল করে সকল স্তরে দলীয় লোকজন মনোনয়ন দিয়ে পেশাজীবী সংগঠনকে নিজেদের দলীয় অঙ্গ সংগঠনের মতো করেছে। এ কারণে জনগণ ফুসে ২ এর পাতায় দেখুন

সাংবাদিক এম মিরাজের রুহের মাগফিরাত দোয়া এম মিরাজের পরিবারের পাশে থাকবে প্রকাশক-সম্পাদক পরিষদ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল প্রেসক্লাবের সদস্য ও দৈনিক বনিক বার্তার বরিশাল ব্যুরো প্রধান এম মিরাজ কাজী মিরাজ। মরহুম এম মিরাজ হোসাইনের বিভিন্ন কর্মসূচি দিক দিয়ে আলোচনা সভায় অংশ নেন

স্মরণসভা ও দোয়া মিলাদ অনুষ্ঠিত হয়েছে। স্মরণসভার সভাপতিত্ব করেন প্রকাশক-সম্পাদক পরিষদের সভাপতি কাজী মিরাজ। মরহুম এম মিরাজ হোসাইনের বিভিন্ন কর্মসূচি দিক দিয়ে আলোচনা সভায় অংশ নেন

রনাপ্রসন্নের পত্রিকা দৈনিক বিপ্লবী বাংলাদেশ পত্রিকার প্রকাশক-সম্পাদক নূরুল আলম ফরিদ, এটিএন বাংলায় স্টাফ রিপোর্টার হুমায়ুন কবির, সিনিয়র সাংবাদিক এমএম আমজাদ ২ এর পাতায় দেখুন

দ্বীপ জেলা ভোলা সড়কপথে যুক্ত হওয়ার খবর, আশার পালে হাওয়া

ভোলা প্রতিনিধি

খাদ্যে স্বয়ংসম্পূর্ণ ও প্রাকৃতিক গ্যাসসমৃদ্ধ দ্বীপ জেলা ভোলা সব দিক থেকে পূর্ণতা পেলেও অপূর্ণতা রয়েছে সড়কপথে। জেলার মানুষের যোগাযোগ ব্যবস্থা এখনো নদীপথ নির্ভর। ফলে উন্নত চিকিৎসা ও উচ্চ শিক্ষাশুধু নানা সুবিধা থেকে এখানকার সাধারণ বাসিন্দারা। জেলায় রাত নামলে একপ্রকার বন্ধ হয়ে যায় দেশের মূল ভূখণ্ডের সঙ্গে যোগাযোগ। গ্যাস, কৃষিসহ প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ হলেও শুধু সড়কপথের অভাবে এখানে লাগছে না কাঙ্ক্ষিত উন্নয়নের ছোঁয়া। এমন অবহেলা ও বঞ্চনা থেকে মুক্তির জন্য দীর্ঘদিন ধরে আন্দোলন সংগ্রাম করেও সড়কপথে যুক্ত হতে পারেনি জেলার মানুষ। গত শনিবার (২২ আগস্ট) প্রধানমন্ত্রী তারেক রহমান ভোলাকে মহাসড়কে সংযুক্ত করার ঘোষণার পর সেই স্বপ্ন বাস্তবায়নের সন্ধাননা দেখছে দ্বীপবাসী। উচ্ছ্বাস প্রকাশের পাশাপাশি যোগাধার দ্রুত বাস্তবায়নের দাবি জানায় তারা। স্থানীয় সূত্রে মতে, মেঘানা, তেঁতুলিয়া ও বঙ্গোপসাগর ঘেরা দেশের একমাত্র ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, শিশুর বাবার প্রবর্তার বাংলা ভাষাশিক্ষিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রহ্মচর্য কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশে মাত্রাless শিক্ষাব্যবস্থার সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রস্তুতকারকের ভিত্তিতে প্রস্তুত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক মন্থর প্রাকৃতিক সহায়ক সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাব্যবস্থার বাংলা ২য়পত্র বিভাগের প্রধান পরীক্ষক, সরকারি অষ্টপদবাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সুনামশীল গ্রন্থ প্রণেতা

পৃথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিন্দা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি পাহারাগাও, সদর রোড, বরিশাল 01711-264963	অব্দের লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অব্দের লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ পাহারাগাও, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি হাট লাল ও কালো পাশ, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম. কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম. কলেজের সামনে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম. কলেজের সামনে 01717-488083

মহাসাদকীয় চাই টেকসই বাস্তবায়ন

বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পর খাল পুনঃখননের মতো প্রয়োজনীয় কর্মসূচি হাতে নিয়েছে। এবার সেই খালের বহুমুখী ব্যবহার নিশ্চিত করতে দেশের বিভিন্ন অঞ্চলের ২০টি খাল ‘মডেল খাল’ হিসেবে নিয়ে বিশেষ কার্যক্রম বাস্তবায়নে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। খননকৃত খালগুলো শুধু পানিধারণ ও নিষ্কাশনের কাজে সীমাবদ্ধ না রেখে জীবিকা, কর্মসংস্থান, সামাজিক কন্যায়ন ও দুর্গোপসহনশীলতার সম্পদ হিসেবে গড়ে তোলাই এই কার্যক্রমের মূল উদ্দেশ্য। জানা গেছে, ২০টি খালের দৈর্ঘ্য প্রায় ৬০ কিলোমিটার। পরিকল্পনা অনুযায়ী ধারণা করা হচ্ছে, এতে প্রায় দুই হাজার ৪০০ পরিবার উপকৃত হবে। খবরে বলা হয়েছে, দুর্গোণ ব্যবস্থাপনা ও গ্রাম মন্ত্রণালয়ের একটি বসড়া ধারণাপত্রে নতুন এই পরিকল্পনার কথা তুলে ধরা হয়েছে। ধারণাপত্রের মূল দর্শনই হলো ‘খাল খনন নয়; খননকৃত খালের বহুমুখী ব্যবহার’। অর্থাৎ খালের ‘ষাডাবিক পানিগ্রবাহ, ধারণক্ষমতা, পরিবেশ ও জনসাধারণের বৈধ ব্যবহার অস্ফুট রেখে উপযুক্ত খালে সামাজিক বনায়ন, মাছ ও হাঁস পালন, খালপারে মৌসুমি সবজি চাষ এবং অন্যান্য উৎপাদনমূলক কর্মকাণ্ড চালু করা। প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে প্রণীত এই পরিকল্পনায় নির্বাচিত মডেল খালে নানা কর্মসংস্থানের রূপরেখা দেওয়া হয়েছে। জানা গেছে, প্রাথমিক পরিকল্পনা অনুযায়ী ঢাকা বিভাগে তিনটি, চট্টগ্রামে তিনটি, রাজশাহীতে তিনটি, হুলায়্য তিনটি, বংপুরে দুটি, সিলেটে দুটি, বরিশালে দুটি এবং ময়মনসিহে দুটি মোট ২০টি খালকে পাইলটের আওতায় আনার প্রস্তাব করা হয়েছে। দেশের খাল-বিল-ন্দী-নালায় অবস্থা অত্যন্ত গেলোয়ী। বহু খাল-বিল দুধল-দখলে কালের গর্ভে হারিয়ে গেছে। এমনকি দেশে কতগুলো খাল রয়েছে, সেই প্রকৃত সংখ্যাও অজানা। এই বাস্তবায়ন সরকার আগামী পাঁচ বছরে সারা দেশে ২০ হাজার কিলোমিটার খাল খননের পরিকল্পনা নিয়েছে। এ ছাড়া দখলকৃত খাল পুনরুদ্ধানের সারা দেশে খাল চিহ্নিত ও মানচিত্রভুক্ত করতে উদ্যোগ নেওয়া হয়েছে। এরই অংশ হিসেবে দেশজুড়ে ছড়িয়ে-ছিটিয়ে থাকা ৩০ হাজার খালকে চিহ্নিত, প্রেগিবিয়াস ও ডিজিটাল নোটওয়ার্কে আনতে একটি কারিগরি প্রকল্প হাতে নেওয়া হয়েছে। এদিকে মাঠ পর্যায়ে বাস্তবতা ভিন্ন। বিভিন্ন অনিয়ম ও অব্যবস্থাপনার কারণে সরকারি প্রকল্পের সুফল পুরোপুরি আসছে না। অভিযোগ রয়েছে, খাল পুনরখননের টাকা নিয়েও নরহাছ হয়েছে। সামগ্রিকতঃ সময়ে এক বছরে দেখা গেছে, বরিশালে সাত খাল খনন না করাই তিন কোটি ৯ লাখ ৪৩ হাজার টাকা উত্তোলন করা হয়েছে। এ ছাড়া খাল খননের পর রক্ষণাবেক্ষণের অভাবও এর সুফল পাওয়া যাচ্ছে না। বিশেষজ্ঞরা মনে করছেন, এ ক্ষেত্রে মডেল খালের ধারণা ইতিবাচক ফলাফল দিতে পারে। দুর্গোণ ব্যবস্থাপনা ও গ্রাম মন্ত্রী আসাদুল হাবিব মূল বলেন, পুণঃখননের পর খাল যাতে আবার ভরাট, দখল বা অব্যবস্থাপনার শিকার না হয়, সে জন্য স্থানীয় জনগোষ্ঠীকে সম্পৃক্ত করে থাকতে একটি উৎপাদনশীল ও সংরক্ষণযোগ্য সামাজিক সম্পদে পরিণত করার চিন্তা করা হচ্ছে। আমরা মনে করি, মডেল খালের যে ধারণা তার সুফল পেতে হলে এর টেকসই বাস্তবায়ন প্রয়োজন। তথ্য যাচাই-বাছাই করতে হবে। মাঠ পর্যায়ে যেন অনিয়ম না হয় তার জন্য জবাবদিহি নিশ্চিত করতে হবে। একই সঙ্গে প্রশাসনিক দক্ষতা বাড়ানো একান্ত অপরিহার্য।

আইনশৃঙ্খলা রক্ষায় সরকারের

মহাসচিব মাওলানা গাজী আতাউর রহমান। তিনি বলেন, গত তিন মাসে দেশে ৯৩৪টি খুনের মামলা হয়েছে। অর্থাৎ গড়ে প্রতিদিন ১৩ জনের বেশি মানুষ খুনের শিকার হয়েছেন। সোমবার (২৪ আগস্ট) ইসলামী আন্দোলন বাংলাদেশের কেন্দ্রীয় মিডিয়া সেলের প্রধান সমন্বয়ক কে এম শরীয়াতুল্লাহ পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। গাজী আতাউর রহমান বলেন, রাষ্ট্রের কাছে মানুষের প্রধান চাওয়া নিরাপত্তা। নিরাপত্তার বহুস্তর ও মাত্রা থাকলেও জীবনের মৌলিক মানুষের মৌলিক ও প্রাথমিক অধিকার। কিন্তু দুঃখজনক বাস্তবতা হলো, বিএনপি সরকার মানুষের জীবনের নিরাপত্তা নিশ্চিত করতে চরমভাবে ব্যর্থ হয়েছে। তিনি বলেন, সরকারি হিসাব অনুযায়ী- গত জুলাইয়ে সারাদেশে খুনের মামলা হয়েছে ২৯৮টি। এর আগে জুনে ৩৬৬টি, মে মাসে ৩১০টি, এপ্রিলে ২৮৮টি এবং মার্চে ১৭৭টি খুনের মামলা হয়েছে। ইসলামী আন্দোলনের এই নেতা বলেন, গত তিন মাসে খণ্ডিৎ খণ্ডিৎ, জুন ও জুলাইয়ে খুনের নথিভুক্ত মামলা হয়েছে ৯৩৪টি। মাসে গড়ে ৩১১টি করে মামলা হয়েছে। দিলের হিসাবে প্রতিদিন ১০ জনের বেশি মানুষ খুন হয়েছে। এমন ভয়াবহ ও ব্যাপকমানের হত্যাকান্ডে জনমনে উৎপে তৈরি হয়েছে। আর্যও উদ্ভ্রা। বিএনপি সরকারের ছয় মাসের বেশি সময় পাল হলেও আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি না হওয়ায় উদ্বেগ প্রকাশ করেন তিনি। গাজী আতাউর রহমান বলেন, ‘এখনো আইনশৃঙ্খলা বাহিনীর ওপর সরকারের নিয়ন্ত্রণ নেইউএ কথা বলা যথার্থ হবে না। বরং আমাদের মনে হয়েছে, বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী তার দায়িত্বের প্রতি যথেষ্ট মনোযোগী নন। তিনি আইন, সংবিধান ইত্যাদি নিয়ে বেশি ব্যতিব্যস্ত।’ সরকারপ্রধানের প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেন, গণহাড়ে মানুষ খুনের ঘটনা সরকারের প্রতি মানুষের আস্থা নষ্ট করবে। আর মানুষের আস্থা উঠে গেলে রুট্টি চালানো যায় না। তাই অবিলম্বে কার্যকর পদক্ষেপ নিতে হবে। তিনি হত্যাকাণ্ডে জড়িতদের বিরুদ্ধে জোরালো ব্যবস্থা নেওয়া এবং অপরাধীদের শাস্তি নিশ্চিত করতে আইন কঠোর ও যথাযথভাবে প্রয়োণের দাবি জানান। একই সঙ্গে চূড়ান্ত শাস্তি বাস্তবায়নের আহ্বান জানান তিনি।

তারেক রহমানের কোনো

করছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম। তিনি বলেছেন, দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ, আইনশৃঙ্খলার উন্নয়ন এবং বিদ্যুৎ ও জ্বালানি সরবরাহভূম্যগ্রাধিকার দেওয়া তিনটি ক্ষেত্রেই সরকার নিদারুণভাবে ব্যর্থ হয়েছে। তার দাবি, ১৮০ দিনে প্রমাণ হয়েছে প্রধানমন্ত্রী তারেক রহমানের দেশ পরিচালনার কোনো পরিকল্পনা নেই। সোমবার (২৪ আগস্ট) ক্ষমতাসীন বিএনপি সরকারের ১৮০ দিনের বর্ষভার চিত্র তুলে ধরতে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) পলিসি ও রিসার্চ বিষয়ক উপ-কমিটি সংবাদ সম্মেলনে এমন অভিযোগ করেন তিনি। নাহিদ ইসলাম বলেন, ‘অব্যবস্থাপনা, অদক্ষতা এবং পরিকল্পনাহীনতা থেকেই সরকার ফ্যাসিবাদী ষ্ণেরতান্ত্রিক কাঠামোতেই ফেরত যাচ্ছে। ১৮০ দিনে এটাই প্রমাণিত হয়েছে যে তারেক রহমানের দেশ পরিচালনার কোনো ধরনের পরিকল্পনা নেই।’ সরকারের প্রথম ছয় মাসের কার্যক্রম মূল্যায়ন করে নাহিদ ইসলাম বলেন, ‘সরকার ১৮০ দিনে জ্বালানি সংকট, দ্রব্যমূল্য ও আইন শৃঙ্খলার অবনতিসহ ১৯টি জায়গায় অব্যবস্থাপনা এবং বার্ষীতার পরিচয় দিয়েছে।’ তিনি বলেন, ‘সরকার ১৮০ দিনের জন্য একটি পরিকল্পনা নির্ধারণ করেছিল। যেখানে তারা তিনটি বিষয়কে অগ্রাধিকার দিয়েছিল। একটি হচ্ছে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ, আইনশৃঙ্খলার উন্নয়ন ও বিদ্যুৎ জ্বালানি সরবরাহ। আমরা দেখতে পারলাম, এই ছয় মাসে যে তিনটি বিষয়ে যারা তারা অগ্রাধিকার দিয়েছিল, এই তিনটি বিষয়েই তারা নিদারুণভাবে বার্ষীতার পরিচয় দিয়েছে।’ সরকার ক্ষমতায় আসে পুরোনো পরিকল্পনা ও নীতির পথেই দেশ পরিচালনা করছে অভিযোগ তুলে এনসিপি আহ্বায়ক বলেন, ‘অপরিকল্পনা, দুর্নীতি এবং অব্যবস্থা করার কারণে আপনারা দেখছেন, ছয় মাসের মধ্যে মন্ত্রিপরিষদের পুনর্গঠন করা লাগছে এবং সরকার বোলাচ্ছিল তাদের পরিকল্পনা রয়েছে প্রাণ রয়েছে। এখন সরকার দুই দিনের কাছে প্রাণ চাচ্ছে মন্ত্রী তারা পরিবর্তন করছে প্রতিমন্ত্রী তারা পরিবর্তন করছে। আমরা জানিা কখন পরিবর্তন করতে করতে প্রধানমন্ত্রীকে পরিবর্তন করার প্রয়োজন দেখা দেবে।’ অন্তর্বর্তী সরকার কিন্তু তিন মাসের সময় দেয়নি উল্লেখ করে তিনি বলেন, ‘তারের দুঃখ প্রকাশ করা উচিত ছিল। এক্ষা প্রার্থনা করা যে, গ্যাসের সংকটে সারাদেশে মানুষ ভুগছে সে প্রকার বন্ধ হয়ে যাবে। এবং তারা যে তারা বলেছিল যে যে কনফিডেন্স আত্মবিশ্বাস তারা দেখেছিল যে তারা একটা অর্থনৈতিক ব্যবস্থাপনা আনবে এবং প্রশাসন আইনশৃঙ্খলা পরিবেশ করবে। কোন কিছু কিন্তু তারা পারেনি।’ সরকারের ছয় মাসের কার্যক্রম মূল্যায়নের জন্য ছয় মাস যথেষ্ট কি নাড়এমন প্রশ্ন উঠতে পারে উল্লেখ করে নাহিদ ইসলাম বলেন, ‘ছয় মাস অতিবাহিত হলে কিন্তু এই সরকার আর বলতে পারবে না

অন্তর্বর্তী সরকারের দায় বা ফ্যাসিবাদী সরকারের দায়। এটা কিন্তু জনগণের কাছে কোনভাবেই গ্রহণযোগ্য হবে না।’ তিনি বলেন, সরকার যদি সংকটগুলা সুরাহা না করে পুরনো রাজনীতিতে প্রত্যাবর্তনের চেষ্টা থেকে সরে না আসে, তাহলে তারা ব্যাপক আন্দোলনের মুখে তারা পড়বে। নাহিদ ইসলাম আরও বলেন, ‘আরও ছয় মাস অতিবাহিত হলে এই সরকার আর বলতে পারবে না যে এটি অন্তর্বর্তী সরকারের দায় বা আগের সরকারের দায়। জনগণের কাছে এটি কোনোভাবেই গ্রহণযোগ্য হবে না।’

দলের নাম ভাঙিয়ে

মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী। তিনি বলেছেন, ৫ আগস্টের পর দলের নাম ভাঙিয়ে অপকর্ম যুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে দলের চেয়ারম্যান তারেক রহমান কঠোর পদক্ষেপ নিয়েছেন। তাই নেতাকর্মীদের গঠনমূলক কাজে যুক্ত থেকে দলকে শক্তিশালী করতে হবে। সোমবার (২৪ আগস্ট) দুপুরে রাজধানীর শেরেবাংলা নগরের জিয়া উদ্যানে শহীদ রষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে তিনি একথা বলেন। ভারপ্রাপ্ত মহাসচিব হিসেবে দায়িত্ব পাওয়ার পর দলের নেতাকর্মীদের নিয়ে তিনি দুই নেতার সমাধিতে শ্রদ্ধা জানান। রিজভী বলেন, তার প্রধান দায়িত্ব হবে দলকে সুশৃঙ্খল ও সুসংযিতভাবে পরিচালনা করা। দলের চেয়ারম্যানের নির্দেশিত সাংগঠনিক কর্মকাণ্ড যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন হয়, মেকিবেই তিনি কাজ করবেন। বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব বলেন, জনগণের শুভেচ্ছা ও সমর্থন নিয়ে বিএনপি রষ্ট্রক্ষমতায় এসেছে এবং তারেক রহমানের নেতৃত্বে সরকার গঠন করেছে। তার যেমিতি কর্মসূচিগুলো জনগণের স্বার্থ, মানবকল্যাণ, সামাজিক সুস্খা ও অকর্তামোহগত উন্নয়নের লক্ষ্যে নেওয়া হয়েছে। এসব কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নে দলের নেতাকর্মীদের সহযোগিতা করতে হবে এবং সরকারের পদক্ষেপগুলো জনগণের কাছে তুলে ধরতে হবে। তিনি বলেন, জিয়াউর রহমান এবং খালেদা জিয়া জনকল্যাণে কাজ করেছেন। নারীর ক্ষমতায়ন ও দেশের আর্থিক উন্নানে তাদের নেওয়া পদক্ষেপ বিএনপির জনপ্রিয়তা বাড়িয়েছে। তারই ধারাবাহিকতায় তারেক রহমান নতুন কিছু কর্মসূচি বাস্তবায়ন করছেন, যেগুলো জনগণের মধ্যে জনপ্রিয়তা পেয়েছে বলেও দাবি করেন তিনি। রিজভী বলেন, দলের নেতাকর্মীরা এসব কর্মসূচি বাস্তবায়নে সহযোগিতা করবেন এবং জনগণের কাছে তা তুলে ধরবেন। এর মাধ্যমে বিএনপির জনপ্রিয়তা আরও বাড়বে। নেতাকর্মীদের উদ্দেশে তিনি বলেন, সারাদেশে হয়তো ২০-একজন বিভিন্ন অনৈতিক কর্মকাণ্ডে থাকতে পারেন। তাদের উদ্দেশে তিনি বলেছেন, ৫ আগস্টের পর দলের নামা ভাঙিয়ে যারা নানা ধরনের অপকর্ম যুক্ত ছিলেন, তাদের বিরুদ্ধে চেয়ারম্যান শক্ত পদক্ষেপ নিয়েছেন। তাই কেউ অনৈতিক কাজ করবেন না, গঠনমূলক কাজ থাকবেন এবং দলকে শক্তিশালী করবেন। নেতাকর্মীরা যাতে জনগণের প্রতিনিধি হিসেবে কাজ করতে পারেন, সেই চেষ্টা করতে হবে।

মিড-ডে মিলে খাবারের

ও সরবরাহ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, ‘শিক্ষার্থীদের জন্য সরবরাহ করা খাবার যাতে পুষ্টিকর, নিরাপদ ও মাননীয় হয় এবং খাদ্যের মান নিয়ে যেন কোনোভাবেই আপস না করা হয়।’ সোমবার (২৪ আগস্ট) বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগের প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত শিক্ষা সহায়তা ট্রাস্টের বৈঠককালে এ নির্দেশনা দেন তিনি। বৈঠকে শিক্ষার্থীদের পুষ্টি ও স্বাস্থ্য সুরক্ষার বিষয়টিতেও শিক্ষার মানোন্নয়নের সঙ্গে সমান গুরুত্ব দেওয়া হয়। মিড-ডে মিল কার্যক্রম বাস্তবায়নে বায়, ব্যবস্থাপনার দক্ষতা, স্থানীয় পর্যায়ে অংশগ্রহণ এবং খাবারের মান নিয়ন্ত্রণের বিষয় বিবেচনায় রেখে দুটি বিকল্প পদ্ধতি নিয়েও বৈঠকে আলোচনা হয়। উভয় পদ্ধতির কার্যকারিতা, বাস্তবায়নযোগ্যতা ও সম্ভাব্য ফলাফল যাচাই করার লক্ষ্যে পৃথক দুটি জেলায় প্রতিটি পদ্ধতির পাইলট প্রকল্প চালুর নির্দেশ দেন প্রধানমন্ত্রী। এছাড়াও বৈঠকে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের চলমান কার্যক্রম, এর লক্ষ্য ও উদ্দেশ্য এবং শিক্ষার্থীদের শিক্ষাজীবনে আর্থিক সহায়তা দেওয়ার মাধ্যমে বারো পড়া রোধে ট্রাস্টের ভূমিকা সম্পর্কে প্রধানমন্ত্রীর বিস্তারিতভাবে অবহিত করা হয়। একইসঙ্গে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার প্রামলে মেয়েদের জন্য চালু হওয়া সার্বজনীন উপবৃত্তি কর্মসূচির আওলে ও অর্জন নিয়ে আলোচনা হয়। ওই সময় মেয়েদের বিদ্যালয়ে উপস্থিতি ও শিক্ষাজীবনে অব্যাহত রাখা এবং বাল্যবিবাহ নিরুৎসাহিত করার ক্ষেত্রে সার্বজনীন উপবৃত্তির ইতিবাচক প্রভাবের বিষয়গুলো উঠে আসে। এ প্রেক্ষাপটে ষষ্ঠ শ্রেণি থেকে স্নাতক পর্যন্ত মেয়েদের জন্য সার্বজনীন উপবৃত্তি পুরায় চালুর সম্ভাবনা পর্যালোচনা নির্দেশ দেন প্রধানমন্ত্রী। এ বিষয়ে সম্ভাব্য বায়, উপকারভোগীর সংখ্যা, বাস্তবায়ন পদ্ধতি এবং প্রত্যাশিত সামাজিক ও শিক্ষাগত প্রভাব বিশ্লেষণ করে একটি সুস্পষ্ট প্রস্তাব প্রণয়নের ওপর গুরুত্বারোপ করা হয়। একইসঙ্গে ছেলেদের শিক্ষায় উৎসাহিত করতে মেধা ও যোগ্যতার ভিত্তিতে উপবৃত্তি দেওয়ার বিষয়েও বৈঠকে আলোচনা হয়। উল্লেখ্য, বৈঠকে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী আ ন ম হেদাউল হক মিলন, প্রধানমন্ত্রীর শিক্ষা উপদেষ্টা ও প্রধানমন্ত্রীর মুখপাত্র মাহদী আলিন, শিক্ষা সচিব আবদুল খালেক, প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব অতিকুর রহমান রুমনসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা।

দ্বীপ জেলা ভোলা সড়কপথে যুক্ত

দ্বীপজেলা ভোলা। কৃষিপণ্য ও রূপালী ইলিশ উৎপাদনের মাধ্যমে জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে এ জেলা। সূত্র জানায়, ষাধীনতার পর থেকেই ভোলা-বরিশাল সড়ক যোগাযোগের দাবিতে আন্দোলন-সজ্জাম করে আসছে দ্বীপবাসী। দাবির পরিপ্রেক্ষিতে ভোলা-বরিশাল রুটে সেতু নির্মাণের জন্য নানা উদ্যোগ নিয়েছে বিগত সরকার। কিন্তু আশ্বাস আর সম্ভাবতা যাচাইয়ের মধ্যেই সীমাবদ্ধ রয়েছে সেতুর কার্যক্রম। এর মধ্যেই শনিবার ‘বরিশালের রহমতপুর-হিজলা-মেহেন্দীগঞ্জ-ভোলা’ রুটে মহাসড়ক নির্মাণের মাধ্যমে বিলম্বী দ্বীপকে জাতীয় সড়ক নেটওয়ার্কের আওতায় আনার ঘোষণা দেন প্রধানমন্ত্রী। এই ঘোষণায় স্বপ্ন বাস্তবায়নে নতুন সম্ভাবনা দেখা যাচ্ছে। ভোলা সড়ক ও জনপথ অধিদপ্তর জানায়, ‘রহমতপুর-হিজলা-মেহেন্দীগঞ্জ-ভোলা রুটে মহাসড়ক নির্মাণে নতুন করে সাড়ে ২১ কিলোমিটার সড়ক নির্মাণ করা হবে। জেলার রহমতপুর থেকে মেহেন্দীগঞ্জ পর্যন্ত ১৮ ফুট চওড়া ৩৬ কিলোমিটার দীর্ঘ সড়ক রয়েছে। ৩৪ ফুট প্রশস্ত করে প্রায় ৯০ কিলোমিটার। বর্তমানে ভোলা থেকে লাহারহাট হয়ে বরিশালের দূরত্ব ৫৫ কিলোমিটার। আর প্রস্তাবিত রহমতপুর-হিজলা-মেহেন্দীগঞ্জ-ভোলা’ মহাসড়কের দূরত্ব হবে ৭৫ কিলোমিটার, সম্ভাব্য হাড়াইসহ যার বাস্তবায়নে সময় লাগবে তার থেকে পাঁচ বছর। ভোলা জেলা পরিষদের প্রশাসক ও জেলা চেয়ার অব কমার্শের চেয়ারম্যান আলহাজ গোলাম নবী আলমগীর বলেন, ‘প্রধানম্

তারেক রহমান ভোলা জেলাসহ বরিশালের মেহেন্দীগঞ্জকে মহাসড়কের আওতায় আনতে চাচ্ছেন, এটি আমাদের জন্য অত্যন্ত আনন্দের খবর। আমরা ভোলার মানুষ বহু বছর ধরে সড়ক যোগাযোগ থেকে বঞ্চিত।’ গোলাম নবী আরো বলেন, ‘প্রধানমন্ত্রীর এ ঘোষণা বাস্তবায়িত হলে অর্থনৈতিক উন্নয়নে এটি অনেক কাজে আসবে, আমরা অর্থনৈতিকভাবে আরো এগিয়ে যাবো, কিন্তু আরেকটি বিষয় হলো আমরা ভোলার মানুষ দীর্ঘদিন ধরে ভোলা-বরিশাল সেতুর জন্য আন্দোলন করছি। সরকারও ভোলা-বরিশাল সেতু ও সড়ক নির্মাণের জন্য অনেক দূর এগিয়ে গেছে। আমার মনে হয় ভোলা-বরিশাল সেতুর কাজটি আগে হওয়া উচিত। এর পর অন্য সড়ক হলেও সমস্যা নেই।’ ভোলা সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী মো. মাইদুল ইসলাম বলেন, ভোলা দ্বীপ জেলা হওয়ায় এটি জাতীয় মহাসড়ক নেটওয়ার্ক থেকে বিচ্ছিন্ন। ভোলা জেলাকে বরিশালের মেহেন্দীগঞ্জ হয়ে হিজলার সঙ্গে যুক্ত করতে সড়ক ও জনপথ অধিদপ্তর দীর্ঘদিন ধরে কাজ করছে। হিজলা উপজেলার সঙ্গে বরিশালের রহমতপুরের সড়ক যোগাযোগ বর্তমানে রয়েছে। নির্বাহী প্রকৌশলী আরো বলেন, এ সংক্রান্ত একটি প্রস্তাবনা শনিবার প্রধানমন্ত্রীর কাছে পেশ করা হয়েছে। এ জন্য কাজ করে যাচ্ছে। খুব দ্রুত বিস্তারিত জরিপ ও অন্যান্য কাজ করব। আশা করছি এটি ভোলার জন্য অবিস্মরণীয় সড়ক যোগাযোগ হবে।

নেপালে বিশেষায়িত প্রসিকিউটরদের আন্তর্জাতিক

এশিয়া চ্যাপ্টার অনুষ্ঠিত হচ্ছে। এজন্য আইনজীবী এস এম সরোয়ার হোসেনকে সকল ধরনের সহযোগিতা করার জন্য সরকারের পক্ষ থেকে পররষ্ট্র সচিব, পররষ্ট্র মন্ত্রণালয়, জেলা ও দায়রা জজ, বরিশাল। চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট (কোলা ও দায়রা জজ), মানব পাচার ও অভিবাসী চোরালালান অপরাধ ট্রাইব্যুনাল, বরিশাল। মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর এবং জেলা ম্যাজিস্ট্রেট বরিশালকে অনুরোধ জানানো হয়। বরিশাল মানব পাচার আদালতের অতিরিক্ত বিশেষায়িত পাবলিক প্রসিকিউটরর এস এম সরোয়ার হোসেন বলেন, মানব পাচার আদালতের দায়িত্ব আসার পর থেকে অপরাধীদের শাস্তি নিশ্চিত এবং বিচার প্রার্থীদের ন্যায়বিচার প্রতিষ্ঠায় কাজ করেছে। এ কারণে বেসরকারি সংস্থা ইউএনওডিসি থেকে নেপালে “মানব পাচার ও অভিবাসী চোরালালানের বিরুদ্ধে বিশেষায়িত প্রসিকিউটরদের আন্তর্জাতিক ফোরাম”-এর “ দক্ষিণ এশিয়া চ্যাপ্টারে অংশগ্রহণ করার সুযোগ দেওয়া হয়েছে। সেখানে আমার নিজস্ব অভিজ্ঞতা তুলে ধরার সাথে সাথে এ ধরে অপরাধীদের শাস্তি নিশ্চিত করতে কি কি ধরনের প্রক্রিয়া অবলম্বন করা প্রয়োজন সে বিষয়টির উপর গুরুত্ব আরোপ করি। আশা করি এতে করে আমার কাজ ভালোর অতো সমৃদ্ধ হবে। বিচার প্রার্থীদের তাদের ন্যায়বিচার প্রাপ্তিতে আরো এক ধাপ এগিয়ে যাবো বলে মনে করি। একই সাথে বাংলাদেশের সাথে বহির বিশ্বে মানব পাচার প্রতিরোধে কি কি ধরনের আইন রয়েছে সে বিষয়ে অভিজ্ঞতা অর্জন করা আমার পক্ষে সম্ভব হবে। বরিশাল মানব পাচার আদালতে অতিরিক্ত স্পেশাল পিপি হিসেবে যোগদানের পর ৬০টি মামলা পরিচালনা করেছেন। ৩০টি মামলা চলমান রয়েছে, ১৪টি মামলায় আসমিদের সাজা হয়েছে এবং ১৬টি মামলা আসামীরা সাজা পেয়েছে। প্রসঙ্গত ইউএনওডিসি বাংলাদেশ থেকে দুজন আইনজীবীকে এ অনুষ্ঠানে আমন্ত্রণ জানিয়েছে। তাদের মধ্যে এস এম সরোয়ার হোসেন রয়েছেন।

ভোলায় বিপুল পরিমাণ

পর্যন্ত গজারিয়া বাজারসংলগ্ন এলাকায় বিশেষ অভিযান চালান ফোর্স গার্ড লালমোহন আউটপোস্টের সদস্যরা। এ সময় সন্দেহজনক দুটি গোড়াউনে তল্লাশি চালানো হয়। অভিযানে শুষ্ক ফাঁকি দিয়ে অবৈধভাবে বাজারজাতের উদ্দেশ্যে মজুত করা বিল্ডিং ব্র্যাডের ৩০ হাজার ৪০০ শলাকা বিদেশি সিগারেট জব্দ করা হয়। এসব সিগারেটের আনুমানিক মূল্য ৩ লাখ ৪৩ হাজার ২০০ টাকা। এ ছাড়া গাজী সোবনে ব্যবহৃত ৫২ হাজার ২০০ টাকা মূল্যের ৩৪৮ বাড়িল রোলিং পেপারও জব্দ করা হয়েছে। কোস্ট গার্ডের উপস্থিতি টের পেয়ে আসাধ ব্যবসায়ীরা পালিয়ে যাওয়ায় কাউকে আটক করা সম্ভব হয়নি। কোস্ট গার্ড দক্ষিণ (ভোলা) জেলের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট মো. সালামান শেখ শওকত বলেন, জব্দ করা সিগারেট ও রোলিং পেপারের বিষয়ে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন। চোরালালান রোধে কোস্ট গার্ডের এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

চাষের মাছের দাম চড়া

নদীতে আগের মতো মাছের দেখা নাই তাই চাষের মাছের দাম কিছুটা বেড়েছে। পাইকারি সবজির বাজার ঘুরে দেখা গেছে, কাঁচামরিচ গত কয়েকদিন ধরে ৬০ টাকা কেজি দরে বক্রি হচ্ছে। করলা ৩০ টাকা, কাঁকরোল ৪০, পেঁপে প্রতি কেজি ১৫-২০ টাকা, পটোল ৩০-৩৫, রেখা ২০, লাউ প্রতি পিস ২৫, মিষ্টি কুমড়া ২৫-৩০, শসা ১৫, ট্যাঁড়স ৩৫, লেবু ৩ টাকা হালি বক্রি হচ্ছে। এসব সবজি আবার খুরা বাজারে কিছুটা বেশি দামে বক্রি করতে দেখা গেছে। বাংলাবাজারে আসা মামুন অর রশিদ বলেন, চার-পাঁচ দিন আগেও ৮০-১০০ টাকার নিচে কোনো সবজি বাজারে পাওয়া যায়নি। সেই দাম এখন ষাডাবিক হয়েছে। এভাবে দাম কম থাকলে সবজি কিনে খাওয়া সম্ভব। তবে ব্যবসায়ীরা তাদের ইচ্ছা মতো দাম নির্ধারণ করে। এজন্য নিয়মিত বাজার মনিটরিং দরকার। বহুমুখী সিটি মার্কেট পাইকারি সবজির বাজারে শুভ নামের এক ব্যবসায়ী বলেন, গত কয়েক দিনের টানা বৃষ্টিতে সবজির সরবরাহ কম থাকায় দামে প্রভাব পড়েছিল। এখন সরবরাহ বাড়লেও বৃষ্টির কারণে বেচা-বক্রি নৈ, তাই দামও কম। এদিকে কিছুটা ষষ্ঠি রয়েছে মুরগির বাজারে। কিছু দিন ধরে প্রতি কেজি এরালার ১৬৫-১৭০ টাকা, লেয়ার ৩৬৫, আর সোনালি মুরগি বক্রি হচ্ছে ২৯০ টাকায়। তবে অপরিবর্তিত রয়েছে গরু ও খাদির মাসের দাম।

তিন ঘণ্টা বন্ধের পর বরিশাল থেকে

বলে জানা গেছে, মহাসড়কের বিভিন্ন বাস কাউন্টারের সামনে থেকে প্রি-হুইলার মাইক্রো যাত্রী ওঠানোকে কেন্দ্র করে দীর্ঘদিন ধরে বাস মালিক-শ্রমিকদের সঙ্গে মাহিন্দা মালিক-চালকদের বিরোধ চল আসছে। সোমবার সকালে বরিশালের বানারীপাড়া উপজেলার শিমুলতলা এলাকায় যাত্রী ওঠানোকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে বিরোধ চরমে পৌঁছায়। একপর্যায়ে মাহিন্দা মালিক ও চালকরা স্থানীয় প্রজাব খাটিয়ে প্রায় ২০টি যাত্রীবাহী বাস আটকে রাখেন বলে অভিযোগ করেন বাস শ্রমিকরা। পরে কয়েকটি বাস ভাঙচুর এবং খবরের স্টফদের মারধরের অভিযোগও ওঠে। খবর পেয়ে বরিশাল বাস মালিক গ্রুপের নেতৃবৃন্দ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণ ও বিষয়টি মীমাংসার চেষ্টা করেন। তবে দুপুর সাড়ে ১১টা পর্যন্ত সমাধান না হওয়ায় নথুপ্রান্তর কেন্দ্রীয় বাস টার্মিনাল থেকে বাস চলাচল বন্ধের সিদ্ধান্ত দেন বাস মালিক ও শ্রমিকরা বলে জানা গেছে। প্রথমে বরিশাল-বানারীপাড়া-বরগুণাঠি রুটে বাস চলাচল বন্ধ হয়। পরে পর্যায়ক্রমে নথুপ্রান্তর থেকে অভ্যন্তরীণ ১৫টি রুট এবং দুপুরপ্রান্তর বিভিন্ন রুটেও বাস চলাচল বন্ধ করে দেওয়া হয়। বাস শ্রমিকরা জানা, শিমুলতলা এলাকায় মাহিন্দা চালকরা সংঘবদ্ধ হয়ে বাস ভাঙচুর ও কয়েকজন স্টাফকে মারধর করেন। পরে বানারীপাড়ার দিকে চলাচলকারী আরও কয়েকটি বাসে হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটে। এর প্রতিবাদেই বাস চলাচল বন্ধ করা হয়। তারা আরও জানান, প্রি-হুইলার চলাচলের কারণে যানজটের পাশাপাশি দুর্ঘটনার ঝুঁকিও বাড়াে। দীর্ঘদিন ধরে মহাসড়ক থেকে প্রি-হুইলার উচ্ছেদের দাবি জানানো হলেও কার্যকর ব্যবস্থা নেওয়া হয়নি। মহাসড়কে অবৈধভাবে

চলাচলকারী প্রি-হুইলার বন্ধে কার্যকর পদক্ষেপ না নেওয়া হলে ভবিষ্যতে আরও কঠোর কর্মসূচি নেওয়ার ইশ্টিয়ারিও দেন তারা। এদিকে হঠাৎ বাস চলাচল বন্ধ হয়ে যাওয়ায় নথুপ্রাবাদ বাস টার্মিনালে আঁচকা পড়েন বিভিন্ন গন্তব্যের যাত্রীরা। অনেকে বিকল্প যানবাহনের খোঁজে টার্মিনাল ও আশপাশের এলাকায় অপেক্ষা করতে থাকেন। বরিশাল জেলা বাস মালিক গ্রুপের সভাপতি মোশাররফ হোসেন জানান, সকালে বানারীপাড়া এলাকায় মাহিন্দা চালকরা সড়কে বাস আটকে দেয়। পরে শ্রমিকরা বাস চলাচল বন্ধ করে দেন। বিকসেলে জনদুর্ভোগের কথা বিবেচনা করে এবং প্রশাসনের আলোচনার আশ্বাসে বাস চলাচল ষাডাবিক করা হয়েছে। এয়ারপোর্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাখাওয়াত হোসেন বলেন, দুই পক্ষের সঙ্গে কথা বলে বিষয়টি মীমাংসার চেষ্টা চলছে। তারা আলোচনায় বসতে সম্মতি দিয়েছেন। বর্তমানে বাস চলাচল ষাডাবিক রয়েছে। তিনি আরও বলেন, অস্বীতিকর পরিস্থিতি এড়াতে নথুপ্রাবাদ কেন্দ্রীয় বাস টার্মিনাল এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

২০২৭ সালের এসএসসি

প্রথম পত্র এবং ২১ মার্চ ইংরেজি দ্বিতীয় পত্রের পরীক্ষা হবে। আবেশিক গণিত পরীক্ষা অনুষ্ঠিত হবে ২৫ মার্চ। এরপর ৪ এপ্রিল রসায়ন, পৌরনীতি ও নাগরিকত্বা এবং ব্যবসায় উদ্যোগ; ৮ এপ্রিল হিসাববিজ্ঞান এবং ১৩ এপ্রিল জীববিজ্ঞান ও অর্থনীতি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১৫ এপ্রিল ধর্ম ও নৈতিক শিক্ষা পরীক্ষার মধ্য দিয়ে তৃত্তীয় পরীক্ষা শেষ হবে। তৃত্তীয় পরীক্ষা শেষে ২২ এপ্রিলের মধ্যে সব বিষয়ের ব্যবহারিক পরীক্ষা শেষ করে নম্বর অনলাইনে পাঠাতে হবে। ব্যবহারিক পরীক্ষা প্রতিদিন ৯টার ১০টায় পরীক্ষার্থীদের নিজ নিজ কেন্দ্রে অনুষ্ঠিত হবে। সংগীত বিষয়ের পরীক্ষার্থীদের নিজ খরচে প্রয়োজনীয় বাদ্যযন্ত্র ও শনাক্তকারী শিক্ষকসহ নির্ধারিত পরীক্ষার দিন সকাল সাড়ে ৯টার মধ্যে কেন্দ্রে উপস্থিত হতে হবে। ব্যবহারিক পরীক্ষায় মূল উদ্দেশ্যের পরিবর্তে পৃথক ব্যবহারিক খাতা ব্যবহারের নির্দেশনা দেওয়া হয়েছে।

সৌদি বাদশাহ ও যুবরাজকে বাংলাদেশ

সহযোগিতার আহ্বান জানান। একই সঙ্গে দুই দেশের সরকার ও বেসরকারি পর্যায়ে বাণিজ্য ও বিনিয়োগ বাড়াণো ও গণপ গুরুত্ব আরোপ করেন তিনি। এছাড়া বাংলাদেশি হজযাত্রীদের সফর আরও সুগম এবং হাজিরের কষ্ট লাঘবের ক্ষেত্রে কি কি ধরনের প্রক্রিয়া আলাদা করে নিয়ন্ত্রণ করা হবে সে বিষয়টির উপর গুরুত্ব আরোপ করি। আশা করি এতে করে আমার কাজ ভালোর অতো সমৃদ্ধ হবে। বিচার প্রার্থীদের তাদের ন্যায়বিচার প্রাপ্তিতে আরো এক ধাপ এগিয়ে যাবো বলে মনে করি। একই সাথে বাংলাদেশের সাথে বহির বিশ্বে মানব পাচার প্রতিরোধে কি কি ধরনের আইন রয়েছে সে বিষয়ে অভিজ্ঞতা অর্জন করা আমার পক্ষে সম্ভব হবে। বরিশাল মানব পাচার আদালতে অতিরিক্ত স্পেশাল পিপি হিসেবে যোগদানের পর ৬০টি মামলা পরিচালনা করেছেন। ৩০টি মামলা চলমান রয়েছে, ১৪টি মামলায় আসমিদের সাজা হয়েছে এবং ১৬টি মামলা আসামীরা সাজা পেয়েছে। প্রসঙ্গত ইউএনওডিসি বাংলাদেশ থেকে দুজন আইনজীবীকে এ অনুষ্ঠানে আমন্ত্রণ জানিয়েছে। তাদের মধ্যে এস এম সরোয়ার হোসেন রয়েছেন।

এম মিরাজের পরিবারের পাশে

হোসাইন, গোপাল সরকার, লতিফুর রহমান জাকির, এম লোকমান হোসাইন, জিয়া উদ্দিন বাবু, গিয়াস উদ্দিন সুমন, থাকিল মোস্তফা, মির্জা রিমন, এস আলম মিয়া, আবুল কালাম আজাদ, মুজিব ফয়সাল, এম সালাউদ্দিন, আবদুল হালিম মামুন, ফয়সাল রাকিব, এম নুরুজ্জামান এমশুক। বক্তারা বলেন, এম মিরাজ ছিলেন একজন সং ও সাহসী সাংবাদিক। বহুনিষ্ঠ স্ববাদ প্রকাশকের ক্ষেত্রে এম মিরাজ হোসাইন ছিলেন আশোষহীন। পরে এম মিরাজ হোসাইনের রুহের মাগফিরাত কামনা দেয়া মোনাজাত করা হয়। উল্লেখ্য, প্রকাশক ও সম্পাদক পরিষদের উদ্যোগে এম মিরাজ হোসাইনের পরিবারকে আর্থিক সহায়তা দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।

সব পেশাজীবী সংগঠনের

উঠে তাদেরকে বিতাড়িত করেছে। আমরা কোন পেশাজীবী সংগঠনকে দলীয় অঙ্গ সংগঠন করতে দেবো না। পেশাজীবী সংগঠনের নেতৃত্ব দিবেন তারা।ই যাদেরকে সংগঠনের সদস্যরা নির্বাচিত করবেন। যদি কেহ জাতীয়তাবাদী দল বিএনপির পরিচয় দিয়ে বা কোন নেতাকর্মীদের নাম ভাঙিয়ে সংগঠনে অবৈধ হস্তক্ষেপ করতে চায় আমরা তার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেব। আমি বিশ্বাস করি চরফ্যাশন উপজেলা জমিয়াতুল মোদারের্ছীনের নবগণিত আহ্বায়ক কমিটি অতি দ্রুত তাদের গঠনতন্ত্র মোতাবেক অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে তাদের ভবিষ্যৎ নেতৃত্ব তৈরি করবে। তাদের এ নির্বাচন পরিচালনায় উপজেলায় বিএনপির পক্ষ থেকে যথাযথ সহযোগিতা প্রদান করা হবে। আমি কোন পেশাজীবী সংগঠনকে দলের অঙ্গ সংগঠনে রূপ লাভ করতে দিবেনা। এ সময় চরফ্যাশন উপজেলা জমিয়াতুল মোদারের্ছীনের আহ্বায়ক অধ্যক্ষ মাজহারুল ইসলাম সদস্য সচিব মাওলানা আবুল কালাম সহ আহ্বায়ক কমিটির একাধিক সদস্যগণ উপস্থিত ছিলেন।

বরিশালে ৯৫ শতাংশ ভবন

বরিশাল ভূমিকম্পের ঝুঁকিপূর্ণ জোনে রয়েছে। এখানকার মাটির গঠনগত বৈশিষ্ট্য বিবেচনা না করে এবং পাইলিংয়ে ত্রুটি রেখে বহুতল ভবন নির্মাণ করা হলে মাঝারি মাত্রার ভূমিকম্পেই ভয়াবহ বিপর্যয় নেমে আসতে পারে।’ নগর উন্নয়ন অধিদপ্তর বরিশাল অফিসের সিনিয়র প্র্যানার মো. আসাদুজ্জামান সতর্ক করে বলেন, ‘আইন লঙ্ঘনের এই প্রবণতা বরিশালকে একটি অনিগ্রাদ্য কংক্রিটের জঙ্গলে পরিণত করছে।’ একই সাথে বরিশাল নাগরিক সুশীল সমাজ কমিটির আহ্বায়ক কাজী মিজানুর রহমান ক্ষোভ প্রকাশ করে কোনো বড় দুর্ঘটনা আরও অগেই অবৈধ স্থাপনার বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নেওয়ার দাবি জানান। জনবল সংকটের কথা স্বীকার করে সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা রেজাউল করিম জানান, অবৈধ ভবন চিহ্নিত করার কাজ ইতোমধ্যে শুরু হয়েছে। এদিকে নকশাবিহীনত এসব ভবনের বিরুদ্ধে কঠোর অবস্থানের কথা জানিয়েছে নগর কর্তৃপক্ষ। বরিশাল সিটি করপোরেশনের প্রশাসক অ্যাডভোকেট অনুকোশ আক্তার জহান শিরিন বলেন, ‘যাঁরা নকশাবিহীনত ও অনিয়মদর্শীন ভবন নির্মাণ করেছেন, তাদের বিরুদ্ধে আমরা ‘জিরো টলারেন্স’ নীতি গ্রহণ করছি।’ শিগগিরই অবৈধ ভবন মালিকদের নোটিশ দেওয়া হবে এবং প্রয়োজনে উচ্ছেদ অভিযান চালানো হবে। কারও জীবনের ঝুঁকি নিয়ে ব্যবসা করতে দেওয়া হবে না।’ উল্লেখ্য, বরিশাল সিটি করপোরেশনের সর্বশেষ তথ্য মতে, নগরীতে বর্তমানে মোট হাউজিংয়ে সংখ্যা ৫৮ হাজার। এর মধ্যে ৪১ হাজারই পাকা ভবন বা স্থানীয়, যার মধ্যে বহুতল ভবনের সংখ্যা আড়াই শ এরও বেশি।

মার্কিন কোম্পানিগুলোয় হামলার হুমকি দিল ইরান

কীর্তনখোলা ডেস্ক

ডোনাল্ড ট্রাম্পের নেতৃত্বাধীন যুক্তরাষ্ট্র তেহরানকে যুদ্ধ বন্ধে চুক্তিতে বাধ্য করতে অর্থনৈতিক যুদ্ধ শুরু করলে মার্কিন কোম্পানিগুলোয় হামলা চালানোর হুমকি দিয়েছে ইরান। খবর দ্য টেলিগ্রাফের। ইরানের জাতীয় নিরাপত্তা পরিষদের প্রধান ৩ এর পাতায় দেখুন

কীর্তনখোলা

আত্মতত্ত্বীয় প্রতিদিন

বরিশাল ৯ মঙ্গলবার ৯ ২৫ আগস্ট ২০২৬ ৯ ১১ ভদ্র ১৪৩৩

বিশ্ব বাজারে তিন মাসের মধ্যে স্বর্ণের দাম বেড়ে সর্বোচ্চ

কীর্তনখোলা ডেস্ক

দুর্বল মার্কিন ডলারের প্রভাবে বিশ্ববাজারে স্বর্ণের দাম তিন মাসের মধ্যে সর্বোচ্চ পর্যায়ে উঠেছে। একই সঙ্গে যুক্তরাষ্ট্রের মূল্যস্ফীতি ও সুদের হার নিয়ে নতুন সংকেতের অশেষকায় রয়েছে বিনিয়োগকারীরা। রয়টার্সের বরাতে দিয়ে এ খবর ৩ এর পাতায় দেখুন



সাগরদী ইসলামিয়া কামিল মাদরাসার কৃতি শিক্ষার্থীদের সংবর্ধন প্রদান করেন বরিশাল মহানগর বিএনপির সদস্য সচিব জিয়া উদ্দিন সিকদার

-কীর্তনখোলা

পবিত্রবিতে র্যাগিংয়ে জড়িত ১৩ শিক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালী বিভাগ ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পবিত্রবি) র্যাগিং, শারীরিক ও মানসিক নির্যাতনের ঘটনায় ১৩ শিক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে। অভিযোগ তদন্তে

প্রমাণিত হওয়ায় তাদের বিভিন্ন মেয়াদে শাস্তি দেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের জন্মসংযোগ ও প্রকাশনা বিভাগের পরিচালক ড. রাহাত মাহমুদ স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এর আগে

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কার্যালয় থেকে এ-সংক্রান্ত অফিস আদেশ জারি করা হয়। অফিস আদেশে বলা হয়েছে, নবীন শিক্ষার্থীদের অভিযোগের পর গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন ৩ এর পাতায় দেখুন



বিএম কলেজে উপাধ্যক্ষকে যোগদানে বাধ্য বিসিএস শিক্ষকদের অবস্থান কর্মসূচি পালন, কলমবিরতি ঘোষণা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল সরকারি ব্রজমোহন কলেজে (বিএম) নন-ক্যাডার শিক্ষককে উপাধ্যক্ষ হিসেবে পদায়নের প্রতিবাদে সোমবারও অবস্থান কর্মসূচি পালন করেছেন বিসিএস শিক্ষকেরা। পরে এক জরুরি সভায় জেলার সকল সরকারি কলেজে নন-ক্যাডার, আত্মীকৃত শিক্ষকদের পদায়ন প্রতিবাদের দাবি জানানো হয়। এ দাবিতে মঙ্গলবার ১ ঘণ্টা কলমবিরতির ঘোষণা দিয়েছেন শিক্ষক নেতৃবৃন্দ। এদিকে বিসিএস শিক্ষকদের অবস্থান কর্মসূচিতে ৩ দিনেও উপাধ্যক্ষ পদে যোগদান করতে পারেননি অধ্যাপক আবুল কালাম ৩ এর পাতায় দেখুন



বরিশালে গণপূর্ত কর্মচারীদের বিক্ষোভ ও সমাবেশ

কীর্তনখোলা রিপোর্ট

বিভিন্ন দাবি বাস্তবায়নের দাবিতে বরিশালে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন বাংলাদেশ গণপূর্ত কর্মচারী ইউনিয়নের নেতাকর্মীরা। ২৪ আগস্ট (মঙ্গলবার) বেলা ১১টায় বরিশাল গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ের সামনে এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। বাংলাদেশ গণপূর্ত কর্মচারী ইউনিয়ন রেজি. নং-বি-১৬৪৭ (জাতীয় শ্রমিক দলের অন্তর্ভুক্ত) বরিশাল বিভাগীয় শাখা এ কর্মসূচির আয়োজন করে। সমাবেশে বক্তারা বলেন, গণপূর্ত অধিদপ্তরের দৈনিকভিত্তিক ও ভাউচার কর্মচারীদের কার্যভিত্তিক প্রতিষ্ঠান ৩ এর পাতায় দেখুন

দাম সমন্বয় না হলে ওষুধশিল্প টিকবে না: ঔষধ শিল্প সমিতি

কীর্তনখোলা ডেস্ক

ডলারের দাম, কাঁচামাল, বিদ্যুৎ-জ্বালানি, মান নিয়ন্ত্রণ ও উৎপাদন ব্যয় বাড়তেও সে অনুযায়ী ওষুধের দাম সমন্বয় করা হচ্ছে না বলে দাবি করেছে বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি (বিএপিআই)। সংগঠনটির নেতারা বলেন, বিশেষ করে অত্যাবশ্যকীয় ওষুধের দাম নিয়মিত পর্যালোচনা ও সমন্বয়ের ব্যবস্থা না থাকলে উৎপাদনকারী প্রতিষ্ঠানগুলো ক্রমেই আর্থিক চাপে পড়বে। এভাবে চলতে থাকলে দেশের ওষুধ শিল্পের বিকাশ বাধাগ্রস্ত হওয়ার আশঙ্কা রয়েছে। সোমবার রাজধানীর তেজগাঁওয়ে বিএপিআই-এর কার্যালয়ে বাংলাদেশ হেলথ রিপোর্টার্স ফোরামের (বিএইচআরএফ) সঙ্গে মতবিনিময় সভায় এসব কথা বলেন ওষুধ শিল্পের উদ্যোক্তারা। সভায় ৩ এর পাতায় দেখুন

পিরোজপুরে ৫৬৫ প্রাথমিক বিদ্যালয়ে নেই প্রধান শিক্ষক

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুরে সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে প্রধান শিক্ষক সংকট প্রকট আকার ধারণ করেছে। জেলার ৯৮৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৫৬৫টিতেই প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। ফলে

এসব বিদ্যালয়ে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়েই চলছে প্রশাসনিক ও শিক্ষা কার্যক্রম। দীর্ঘদিন ধরে পদগুলো শূন্য থাকায় একদিকে যেমন স্বাভাবিক পাঠদান ব্যাহত হচ্ছে, অন্যদিকে অতিরিক্ত দায়িত্বের চাপে হিমশিম খাচ্ছেন শিক্ষকেরা। পিরোজপুর

পৌরসভার মধ্য পিরোজপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গিয়ে দেখা যায়, একজন শিক্ষক টানা চতুর্থ ক্লাস নিচ্ছেন। বিদ্যালয়ে প্রধান শিক্ষক না থাকায় তাকে অতিরিক্ত প্রশাসনিক দায়িত্বও পালন করতে হচ্ছে। ৩ এর পাতায় দেখুন

খাল খনন প্রকল্পে হরিলুট, নাম কুড়াতে সরকারি কোষাগারে ইউএনওর টাকা ফেরত

আমতলী প্রতিনিধি

বরগুনার আমতলীতে প্রধানমন্ত্রী তারেক রহমানের দেয়া অভিনব জনগোষ্ঠীর কর্মসংস্থান প্রকল্প খাল খনন কর্মসূচীতে অনিয়মের অভিযোগ পাওয়া গেছে। এক বছর আগের কাটা খাল পুনরায় খনন করে সদা বিদায়ী আমতলী উপজেলা



নিবাহী অফিসার মুহাম্মদ জাফর আরিফ চৌধুরী জনগোষ্ঠীর কর্মসংস্থানে প্রধানমন্ত্রী তারেক রহমান আমতলী উপজেলার ৩ এর পাতায় দেখুন



সাগরে ফিশিংবোট ডুবি ১৫ জেলেকে জীবিত উদ্ধার শুধু ফিরলেন না নিরব মাঝি

চরক্যান্দি প্রতিনিধি

বঙ্গোপসাগরে মাছ শিকার করে ফেরার পথে একটি ফিশিংবোট ডুবে গেছে। এতে বোটে থাকা ১৫ জেলেকে জীবিত উদ্ধার করা হলেও এখানে নিখোঁজ রয়েছেন এক জেলে। নিখোঁজ জেলের নাম নিরব মাঝি (৫০)। তিনি জেলার চরফ্যাশন উপজেলার আসলমপুর ইউনিয়নের নতুন শ্রুইসেট এলাকার বাসিন্দা বলে জানা গেছে। সোমবার (২৪ আগস্ট) বিকেলে চরফ্যাশন উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা জয়ন্ত কুমার অণু এ তথ্য ৩ এর পাতায় দেখুন



মেহেন্দিগঞ্জ পৌর জামায়াতের উদ্যোগে ‘আনন্দ ভোজন’ মিলনমেলা

নূর রাকি নাসিম, মেহেন্দিগঞ্জ

মেহেন্দিগঞ্জ উপজেলার পৌর জামায়াতের ৯টি ওয়ার্ডের জনশক্তির নিয়ে শনিবার বাম মাগির পাওয়ারহট্টে উত্তর বাজার জামায়াতের নির্বাচনী অফিসে এই আনন্দ ভোজনের আয়োজন করা হয়। পৌর জামায়াতের আমীর মাওলানা আমান উল্লাহ বাকের এর সভাপতিত্বে ও সেক্রেটারী হাফেজ মাওলানা মাহবুব এর সঞ্চালনায় উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বরিশাল জেলা জামায়াতের আমীর অধ্যাপক আব্দুল জকারি, বিশেষ ৩ এর পাতায় দেখুন

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন

এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডটট. এইচ.ও (অস্ট্রেলিয়া)

অধ্যাপক ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এস)

শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেষ্টার: মেডিনোতা ভায়াগনস্টিক কমপ্লেক্স

শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে

বাঁধ রোড, বরিশাল।

রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা

প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা

সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৪৬৬

০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৪৪৯৭৫

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল



বরিশালে কালু-মিরাজ গুমের বিচার দাবিতে মানববন্ধন

কীর্তনখোলা রিপোর্ট

২০১২ সালে গুম হন বরিশাল নগর ছাত্রদলের ২০ নম্বর ওয়ার্ড সভাপতি ফিরোজ খান কালু এবং তাঁর ভাই ছাত্রদল কর্মী মিরাজ খান। ১৪ বছর পরও ছেলের সন্ধান চেয়ে ধারে ধারে ঘুরছেন কালুর মা। কালু ও মিরাজ গুমের বিচার দাবিতে সোমবার নগরীতে মানববন্ধন করা হয়। এ সময় কালুর সন্তান আব্দুল্লাহ জিসান বাবাকে ফিরিয়ে দেওয়ার আকৃতি জানায়। মানববন্ধনে উপস্থিত ছিলেন মহানগর যুবদলের যুগ্ম আহাযক মাহফুজুর রহমান, মহানগর ছাত্রদলের সভাপতি এনামুল হক তাহসিন, ২০ নম্বর ওয়ার্ড ছাত্রদল আহাযক সফিউল খান জনি, শ্রমিকদল নেতা মো. মাসুদ প্রমুখ। সমবেশে ছাত্রদল নেতা এনামুল হক তাহসিন বলেন, ২০১৯ সালে ৩ এর পাতায় দেখুন



বাউফলে ইয়াবা ও গাঁজাসহ শ্রমিক দলের নেতা গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট

পটুয়াখালীর বাউফল উপজেলার বণা ইউনিয়নে মাদকবিরোধী অভিযান চালিয়ে থেকান দফাদার নামের এক ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। স্থানীয় সূত্রে জানা গেছে, তিনি বণা ইউনিয়ন শ্রমিক দলের সেক্রেটারি। রোববার (২৩ আগস্ট) রাত ১১টার দিকে বণা পুলিশ ফাঁড়ির ইনচার্জ জয়নাল ৩ এর পাতায় দেখুন

নার্সের টানাহেঁচড়ায় নবজাতকের মৃত্যু

দৌলতখান প্রতিনিধি

জেলার দৌলতখান উপজেলা হাসপাতালে টানাহেঁচড়া করে নরমাল প্রসব করানোর সময় নবজাতক শিশুর মৃত্যুর অভিযোগ উঠেছে। এ ঘটনায় অভিযুক্ত সিনিয়র স্টাফ নার্স নুসরাতের বিরুদ্ধে শিশু মৃত্যুর অভিযোগ ভুলেই প্রসূতির স্বজনরা। তারা হাসপাতালে ব্যাপক হৈ-হুল্লাড় সৃষ্টি করে ঘটনার সৃষ্টি তদন্ত ও বিচার দাবি করেন। রোববার রাতে দৌলতখান উপজেলা হাসপাতালে এ ঘটনা ঘটে। আবাসিক মেডিকেল অফিসার ডা. আরিফুল ইসলাম সাংবাদিকদের বলেন, রোগীর প্রসবের ব্যথা থাকায় হাসপাতালে ভর্তি করা হয়। তিন সন্তােরে আগের আন্ত্রীয় রিপোর্ট দেখে ৩ এর পাতায় দেখুন



বরিশাল হালিমা খাতুন বালিকা মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শন ও অবকাঠামগত উন্নয়নের সার্কি খোঁজ খবর নেন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী শহিদুল ইসলাম

-কীর্তনখোলা

হামে আরও ৫ জনের মৃত্যু, আক্রান্ত ১২৩২

কীর্তনখোলা ডেস্ক

হামের উপসর্গ নিয়ে গত ২৪ ঘণ্টায় দেশে আরও ৫ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে মৃত্যু তাকাতাই তিনজনের মৃত্যু হয়েছে। একই সময়ে নতুন করে হামের উপসর্গ দেখা দিয়েছে ১ হাজার ১৪৯ জনের শরীরে। এ ছাড়া নিকিত হামে আক্রান্ত হয়েছেন আরও ৮৩ জন। রোববার (২৩ আগস্ট) স্বাস্থ্য অধিদপ্তরের পরিদৃষ্টিভিত্তিক নিয়মিত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। প্রতিবেদন অনুযায়ী, গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামের ৩ এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৪৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com